

চিপকো

চিপকো, জড়িয়ে ধরো, প্রাণপণ, বাজাও বিষাণ  
বানিয়া কুঠার নামে, মেধাহীন, দাঁড়াও সটান

যে মাটি ধারণ করে, আজীবন, প্রতিপালনে  
ভেসে ছিল স্বতস্কৃত মেঘে জলে, গহন বনের...

সেখানে চাকার ধুলো, অভিসন্ধি, তাঁর ও নিলাম  
চিপকো, জড়িয়ে ধরো, জেগে ওঠো, আদিবাসী গ্রাম

ঔপনিবেশিক

খুব বড় নদী! ডেউ, স্রোত, টান, ঘুর্ণি  
কাছে জনপদ, কারা যেন ঘাটে নামলো  
দূরে সরে যায় বেনেবাড়ি, বটবৃক্ষ...  
নদী যে হঠাৎ বাঁক নিল, হই! সামলে

এদিকে অনেক চন্দনগাছ, দিব্য!  
এলাকাটি বেশ! বজরা থামাও, মালা  
আমরা বণিক, এ তটে নামাও পণ্য  
বেচাকেনা হোক, ত্রমে গড়ে নেবে কেলা....



মুকাভিনেতা

মুকাভিনেতার কাছে বসে থাকি, শুনি তার কথা  
কাদের আগুনে ঘর পুড়েছিল? গোলার ফসল.....  
পীড়িত বোনের লাশ, কারা জিভ কেটেছিল তার!

বেদনায় বোবা চোখ, অপলক, অন্ধকারে জুলে